

চতুর্থ অধ্যায়

ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ এবং প্রশিক্ষণ

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯ অনুচ্ছেদ অনুসারে জাতীয় সংসদ নির্বাচনের জন্য ভোটগ্রহণকারী কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে রিটার্নিং অফিসার কর্তৃক একটি প্যানেল প্রস্তুত করার বিধান রয়েছে। রিটার্নিং অফিসার তাঁর অধীনস্থ নির্বাচনি এলাকা বা জেলায় স্থাপিত সকল সরকারি অথবা বেসরকারি অফিস, প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানদের নিকট হতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে যে যে শ্রেণী ও গ্রেডের কর্মকর্তা ও কর্মচারী প্রয়োজন তার প্যানেল প্রস্তুতের জন্য লিখিতভাবে প্রয়োজনীয় কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা সরবরাহ করতে নির্দেশ দেবেন। এ লক্ষ্যে নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে জেলা নির্বাচন অফিসার/জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত অফিস, প্রতিষ্ঠান ও সংস্থা এবং প্রয়োজনবোধে বেসরকারি অফিস হতে উক্ত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা (স্কেলসহ) তাঁর কার্যালয়ে প্রেরণ করার নিয়মে সংশ্লিষ্ট সকল অফিস/প্রতিষ্ঠানের প্রধান ও নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করবেন।

২। ভোটগ্রহণ কর্মকর্তাদের নিম্নরূপভাবে প্যানেলভুক্ত করতে হবে:

(১) প্রিজাইডিং অফিসার:

- (ক) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর/প্রথম শ্রেণীর পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা;
- (খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার শিক্ষক, ক্ষেত্র বিশেষে ডেমনস্ট্রেটর/কর্মকর্তা;
- (গ) রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্রবিশেষে দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;
- (ঘ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত উচ্চ বিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক, ক্ষেত্র বিশেষে সিনিয়র শিক্ষক;
- (ঙ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সরকারী প্রতিষ্ঠানের অনুরূপ কর্মকর্তা/কলেজ শিক্ষক/প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/শিক্ষক।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার:

- (ক) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা/দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;
- (খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার ডেমনস্ট্রেটর/কর্মকর্তা;
- (গ) রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণীর/দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;
- (ঘ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক/শিক্ষক;
- (ঙ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

(৩) পোলিং অফিসার:

- (ক) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মচারী;
- (খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার কর্মচারী;
- (গ) রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কর্মচারী;
- (ঘ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার শিক্ষক/কর্মচারী;
- (ঙ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক;
- (চ) প্রয়োজন বোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি অফিস/প্রতিষ্ঠানের উক্তরূপ শিক্ষক/কর্মচারী।

৩। প্যানেল প্রস্তুতের প্রাথমিক কার্যক্রম: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯ অনুচ্ছেদ অনুসারে জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে রিটার্নিং অফিসার কর্তৃক একটি প্যানেল প্রস্তুতের বিধান রয়েছে। রিটার্নিং অফিসার তাঁর আওতাধীন জেলা/মেট্রোপলিটনভুক্ত এলাকায় স্থাপিত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত ও সরকারি অনুদানপ্রাপ্ত অফিস, প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানদের নিকট হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের উদ্দেশ্যে যে যে গ্রেডের কর্মকর্তা ও কর্মচারি প্রয়োজন তার প্যানেল প্রস্তুতের জন্য লিখিতভাবে প্রয়োজনীয় কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা সরবরাহ করতে নির্দেশ দিবেন। এ লক্ষ্যে নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে নির্বাচনি এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত অফিস, প্রতিষ্ঠান ও সংস্থা, সরকারি অনুদানপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান এবং প্রয়োজনবোধে বেসরকারি অফিস/প্রতিষ্ঠান হতে নাম, পদবী, কর্মস্থল, বেতন স্কেল, মূল বেতন, জন্ম তারিখ/বয়স, প্রয়োজনে জাতীয় পরিচয়পত্র